


দৈনিক

চেতনায় দেশপ্রেম

যুগের কথা

The Daily Juger Katha

সোমবার ২৬ নভেম্বর ২০১৮ ইং ১২ অগ্রহায়ণ ১৪২৫ বাংলা



সিরাজগঞ্জে ইলেকট্রনিক্স মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের নিয়ে টেকনিকস অব নিউজ রিপোর্টিং অন নিউনেটাল হেলথ ইস্যু ফর মিডিয়া প্রফেশনালস" ওয়ার্কশপের প্রধান অতিথি জেলা প্রশাসক কামরুন নাহার সিদ্দীকার কাছ থেকে সনদ পত্র গ্রহণ করছেন প্রেসক্লাবের সভাপতি হেলাল উদ্দিন। - যুগের কথা

টেকনিকস অব নিউজ রিপোর্টিং অন নিউনেটাল হেলথ ইস্যু ওয়ার্কশপের সমাপনি ও সনদ পত্র বিতরণ

যুগের কথা প্রতিবেদক : সিরাজগঞ্জে ইলেকট্রনিক্স মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের নিয়ে তিনদিন ব্যাপী "টেকনিকস অব নিউজ রিপোর্টিং অন নিউনেটাল হেলথ ইস্যু ফর মিডিয়া প্রফেশনালস" ওয়ার্কশপের সমাপনি ও সনদ পত্র বিতরণ অনুষ্ঠিত হয়েছে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সনদ পত্র বিতরণ করেন জেলা প্রশাসক কামরুন নাহার সিদ্দীকা। সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম

ইনস্টিটিউটের পরিচালক (প্রশি. প্রকো.) মো: নজরুল ইসলাম। তিনদিন ব্যাপি এই ওয়ার্কশপের শুরু হয় শুক্রবার (২৩ নভেম্বর)। সিরাজগঞ্জ সার্কিট হাউস মিলনায়তনে শুক্রবার সকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ ওয়ার্কশপের উদ্বোধন করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহা-পরিচালক মো. রফিকুজ্জামান। জেলা প্রশাসক কামরুন নাহার (৩য় পাতায় ৩য় কলামে দেখুন)

টেকনিকস অব নিউজ রিপোর্টিং সিদ্দীকার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক মো. নজরুল ইসলাম ও সিরাজগঞ্জ প্রেসক্লাবের সভাপতি হেলাল উদ্দিন। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. ফিরোজ মাহমুদ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উপ-পরিচালক আব্দুল জলিল, প্রোগ্রামার মো. আব্দুস সালাম, জেলা তথ্য অফিসার আবুল খায়ের, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফজল-এ-খোদা লিটনসহ প্রশাসনের উর্ধতন কর্মকর্তাবৃন্দ ও ইলেকট্রনিক্স মিডিয়ায় কর্মরত সাংবাদিকেরা উপস্থিত ছিলেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের "শিশু ও নারী ট্রেনিং সেন্টার" পরিচালক

দৈনিক

প্রকাশনার ২৮ বছর

কলম সৈনিক

পৃষ্ঠা ২ কলাম ৩



জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত ৩ দিনব্যাপি শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ প্রশিক্ষণের সমাপনি দিন রবিবার জিটিভি ও দৈনিক আমাদের সময় প্রতিনিধিকে সনদপত্র তুলে দেন জেলা প্রশাসক কামরুন নাহার সিদ্দীকা। ছবি: কলম সৈনিক